# 10 February 2024

## National & International News

### ভারতরত্ন প্রাপকদের নাম ঘোষণা




প্রসঙ্গ:

- ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মান, ভারতরত্ন, তিনজন উল্লেখযোগ্য ব্যক্তিদের দেওয়া হবে: তাঁরা হলেন এম.এস. স্বামীনাথন, পি.ভি. নরসিংহ রাও, চৌধুরী চরণ সিং।
- এছাড়াও, সম্মানিত পুরস্কারপ্রাপ্তদের তালিকায় রয়েছেন এল.কে. আডবাণী এবং কার্পুরী ঠাকুর। এই বছরের তালিকাটি এখনও পর্যন্ত ঘোষিত সবচেয়ে দীর্ঘতম তালিকা।

গুরুত্বপূর্ণ দিক:


- 1999 সালের সর্বোচ্চ গণনাকে ছাপিয়ে এই বছরের ঘোষণাটি পাঁচজন ভারতরত্ন পুরস্কারপ্রাপ্তদের একটি রেকর্ড সংখ্যা চিহ্নিত করে।
- উল্লেখ্য, পাঁচটি পুরস্কারের মধ্যে চারটি পুরস্কার মরণোত্তর দেওয়া হচ্ছে।

### জম্মু ও কাশ্মীরে আইনগত পরিবর্তন

প্রসঙ্গ:

- রাজ্যসভা সম্প্রতি জম্মু ও কাশ্মীরের তফসিলি উপজাতি **(ST)** এবং তফসিলি জাতি **(SC)** তালিকায় বিভিন্ন সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করার জন্য বিল পাস করেছে।
- গুজ্জর-বাকারওয়াল সম্প্রদায়ের চলমান বিক্ষোভকে সম্বোধন করে এই সংশোধনীর মাধ্যমে পাহাড়ি এথনিক (জাতিগত) গোষ্ঠীকে **ST** তালিকায় যুক্ত করা হয়েছে।
- এছাড়াও, এই বিলগুলি পদ্দারী উপজাতি, গড্ডা ব্রাহ্মণ এবং কলি সম্প্রদায়কেও **ST** তালিকায় অন্তর্ভুক্ত করেছে।
- বাল্মীকি সম্প্রদায়কেও এটির প্রতিশব্দসহ, **SC** তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

### ইন্ডিয়ান ওশান কনফারেন্স




প্রসঙ্গ:

- সপ্তম ভারত মহাসাগর সম্মেলন (IOC) 2024, চলতি বছরের 9 থেকে 10ই ফেব্রুয়ারি অস্ট্রেলিয়ার পার্থে অনুষ্ঠিত হয়েছিল।
- এতে **40**টি দেশের প্রতিনিধি এবং বিভিন্ন আঞ্চলিক দেশের পররাষ্ট্রমন্ত্রীরা অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন।

সম্মেলনের উদ্দেশ্য:

এই সম্মেলনের প্রাথমিক লক্ষ্য ছিল আঞ্চলিক সহযোগিতার বিষয়ে নিম্নলিখিত ক্ষেত্রে আলোচনার সুবিধা এবং সমাধানের প্রস্তাব দেওয়া:

- আঞ্চলিক নিরাপত্তা
- অর্থনৈতিক উন্নয়ন
- পরিবেশ রক্ষা
- ভারত মহাসাগর অঞ্চলের মধ্যে সামুদ্রিক নিরাপত্তা।

থিম:

- এই সম্মেলনের থিম ছিল **"Towards a Stable and Sustainable**

<table>
<tr>
<td></td>
<td>
Indian Ocean,", যা এই অঞ্চলের ভূ-রাজনৈতিক এবং পরিবেশগত ক্ষেত্রে স্থিতিশীলতা এবং স্থায়িত্বের গুরুত্বের উপর জোর দেয়।
সম্পর্কিত:<br>IOC হল একটি বার্ষিক সম্মেলন যা ভারত মহাসাগরের সীমান্তবর্তী দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধি করে।
</td>
</tr>
<tr>
<td>
আদি মহোৎসব 2024



</td>
<td>
প্রসঙ্গ:
<ul>
<li>রাষ্ট্রপতি নতুন দিল্লির মেজর ধ্যানচাঁদ জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত বার্ষিক জাতীয় আদিবাসী উত্সব, আদি মহোৎসব 2024 এর উদ্বোধন করেন।</li>
<li>আদিবাসী বিষয়ক মন্ত্রকের অধীনে TRIFED দ্বারা সংগঠিত, এই অনুষ্ঠানটি ভারতের উপজাতী ঐতিহ্যের এক সমৃদ্ধ বৈচিত্র্য তুলে ধরে।</li>
</ul>
উদ্দেশ্য:
<ul>
<li>প্রতিভা প্রদর্শন করা: আদি মহোৎসব উপজাতীয় কারিগরদের অসাধারণ প্রতিভা এবং কারুশিল্প প্রদর্শনের একটি প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে। এটি উপজাতীয় শিল্প, হস্তশিল্প, প্রাকৃতিক পণ্য এবং রন্ধনপ্রণালীর মতো বিস্তৃত পরিসরে কারিগরদের প্রতিভা তুলে ধরে।</li>
<li>ক্ষমতায়ন: এই উত্সবের লক্ষ্য হল উপজাতীয় সম্প্রদায়কে তাদের পণ্য বিক্রি করে উপার্জন করা। এর পাশাপাশি, তাদের দক্ষতার স্বীকৃতি অর্জনের জন্য একটি সরাসরি বাজারের সুবিধে দিয়ে তাদের ক্ষমতায়ন ঘটানো।</li>
<li>বৈচিত্রের উদযাপন: এই উত্সব প্রাণবন্ত এবং বৈচিত্র্যময় উপজাতী সংস্কৃতির উদযাপনসহ সচেতনতা, বোঝাপড়া এবং ভারতের ঐতিহ্যে তাদের অনন্য অবদান সম্পর্কে প্রচার করে।</li>
</ul>
ট্রাইফেড (TRIFED):
<ul>
<li>1987 সালে প্রতিষ্ঠিত ট্রাইবাল কো-অপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়া হল ভারত সরকারের উপজাতি বিষয়ক মন্ত্রকের প্রশাসনিক নিয়ন্ত্রণের অধীনে থাকা একটি জাতীয়-স্তরের সমবায় সংস্থা।</li>
</ul>
</td>
</tr>
<tr>
<td>ডিজিরেডি (DigiReady) সার্টিফিকেশন পোর্টাল (DRC)</td>
<td>
<ul>
<li>DRC পোর্টাল হল কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া (QCI) এবং ওপেন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স (ONDC)-এর মধ্যে একটি সহযোগিতামূলক প্রচেষ্টা।</li>
<li>এটির লক্ষ্য হল ONDC প্ল্যাটফর্মে বিক্রেতা হিসাবে বিরামহীন একীকরণের জন্য মাইক্রো, স্মল এবং মিডিয়াম এন্টারপ্রাইজগুলির (MSMEs) ডিজিটাল প্রস্তুতির মূল্যায়ন এবং প্রত্যয়ন করা।</li>
</ul>
</td>
</tr>
</table>

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.*